



ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন

Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN, 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, Bangladesh, Phone : 02222225942

Govt. Reg. No.-2960

CORPORATE OFFICE

3/C, New Baily Road
Ramna, Dhaka

Phone : 02222225942

PABX-48312757, 48317328
E-mail : dcaa.2009@gmail.com
Website : www.dcaadhaka.org

BRANCH OFFICE AIR FREIGHT UNIT OFFICE

C & F Bhaban
Hazrat Shahjalal Int'l. Airport
Kurmitola, Dhaka-1230

CUSTOM HOUSE OFFICE

Custom House (1st Floor),
Kurmitola, Dhaka,
Tel : 8901240

ASYCUDA WORLD CONTROL ROOM

Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901242

ASYCUDA WORLD Help Desk

Custom House Area
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901331

KAMALAPUR ICD OFFICE

Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Tel : 9336172, Fax : 48311584

SAVAR OFFICE

DEPZ Custom Office,
Ganakbari, Savar, Dhaka
Tel & Fax : 7789434

ADAMZEE OFFICE

Adamzee EPZ Custom Office,
Narayanganj

PANGAON OFFICE

Pangaon Custom House
Pangaon, Keranigonj
Dhaka

MUKTERPUR OFFICE LC Station Munshigonj

সূত্র : ডিসিএএ/০৩/০৭(৩২১১)/২০২১/১৩০

তারিখ : ২৭/০৬/২০২১ খ্রি:

মাননীয় কমিশনার অব পুলিশ
ঢাকা মেট্রোপলিটন পুলিশ,
ঢাকা।

বিষয় : আগামী ১ জুলাই-২০২১ইং তারিখ হতে এক সপ্তাহের জন্য সরকার সারাদেশব্যাপি “লকডাউন” ঘোষণা করার প্রেক্ষিতে লকডাউন চলাকালীন সময়ে দেশের আমদানি/রপ্তানী বাণিজ্যের সাথে সম্পৃক্ত ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন এর সদস্য প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা, কর্মচারী এবং তাদের ব্যবহার্য যানবাহন সমূহ দেশব্যাপি বিনা বাধায় ও নির্বিঘ্নে চলাচলের প্রয়োজনীয় নির্দেশনা জারীর অনুরোধ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীন জাতীয় রাজস্ব বোর্ড থেকে জারীকৃত লাইসেন্সিং রুলের আওতায় নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্টবৃন্দ সকল কাস্টম হাউস ও স্টেশনসমূহের লাইসেন্সধারী প্রতিষ্ঠান। এসকল সিএন্ডএফ এজেন্টবৃন্দ দ্বারা গঠিত এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্বীকৃত একটি সংগঠন “ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন” (ডিসিএএ) নামে পরিচিত একটি অরাজনৈতিক সেবা মূলক প্রতিষ্ঠান। Customs Act, ১৯৬৯ এর আওতায় সিএন্ডএফ এজেন্টগণ বিভিন্ন শুল্ক ভবন ও বন্দরে আমদানিকৃত মালামাল খালাস, রাজস্ব আহরণ ও রপ্তানিতব্য মালামাল রপ্তানি কাজে নিয়োজিত থাকে।

পক্ষান্তরে সহসাই কোভিড-১৯ এর বিস্তৃতি রোধে সরকার কর্তৃক জরুরী ভিত্তিতে ১ জুলাই-২০২১ইং তারিখ হতে এক সপ্তাহের জন্য সারাদেশে “লকডাউন” ঘোষণা করলেও আমদানি, রপ্তানি, রাজস্ব আহরণ কার্যক্রম চালু রাখার সিদ্ধান্তের প্রেক্ষিতে সিএন্ডএফ এজেন্টদেরকে লকডাউনের আওতা বর্হিভূত থেকে কাজে নিয়োজিত থাকতে হবে। ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন তথা সিএন্ডএফ এজেন্টবৃন্দ দেশের আমদানি/রপ্তানী বাণিজ্যের সাথে সম্পৃক্ত। অনেক ক্ষেত্রে মেশিনারীজ জরুরী পার্টস, রপ্তানিযোগ্য পণ্যের জরুরী কাঁচামালের অভাবে উৎপাদন বিঘ্নিত হওয়ার আশংকা দেখা দেয়। সিএন্ডএফ এজেন্টবৃন্দ শুল্ক কর্তৃপক্ষের নিকট থেকে আমদানিকৃত উক্ত পণ্য সমূহের শুল্ক আনুষ্ঠানিকতা সমাপনান্তে আমদানি পণ্য সমূহ খালাস করে, খালাসকৃত পণ্য সমূহ আমদানিকারকের ফ্যাক্টরীতে পৌঁছে দেয়ার কাজ করে থাকে। ফলে সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের চলাচলে ও পণ্য পরিবহনে ব্যবহৃত যানবাহন (ট্রাক, পিকআপ, মাইক্রোবাস, মোটর কার, মোটর সাইকেল ইত্যাদি) বিমান বন্দর, আইসিডি কমলাপুর, ঢাকা ইপিজেড, সাভার, আদমজী ইপিজেড, নারায়নগঞ্জ, পানগাঁও বন্দর এর রাস্তায় চলাচল করে থাকে। ফলে অত্র এসোসিয়েশনের সদস্য প্রতিষ্ঠান সমূহের আমদানি রপ্তানি পণ্য পরিবহন ও কর্ম পরিচালনার কাজে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের চলাচল ও ব্যবহৃত যানবাহন সারাদেশ ব্যাপি নির্বিঘ্নে যাতে চলাচল করতে পারে সে বিষয়ে বাংলাদেশ পুলিশ প্রশাসনকে নির্দেশ প্রদান করে সরকারের রাজস্ব আহরণে সহযোগিতা কামনা করছি।

অতএব, সার্বিক অবস্থা বিবেচনায় দেশের আমদানি, রপ্তানি বাণিজ্যের স্বার্থে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি প্রতিপালন করে অত্র এসোসিয়েশনের আওতাধীন সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা, কর্মচারী এবং আমদানি, রপ্তানি পণ্য পরিবহনের কাজে নিয়োজিত যানবাহনগুলি যাতে বিনা বাধায় বিমান বন্দরসহ অন্যান্য কাস্টম হাউস ও স্টেশন সমূহে চলাচল করতে পারে সেলক্ষ্যে আইন শৃংখলা রক্ষা কাজে নিয়োজিত বাহিনী সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানে আপনার অনুমতি প্রার্থনা করছি।

ধন্যবাদান্তে,



(মোঃ মিজানুর রহমান)

সভাপতি

ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন

ফোন : ০১৭১১-৫২১১০৮